

আইনশিক্ষা কর্মশালায় আসছেন পদ্মশ্রী মাধব মেনন

ইকফাই বিশ্ববিদ্যালয়ে দীপা ও

কোচ বিশ্বেশ্বরের সংবর্ধনা চাই

আগরতলা, ৫ সেপ্টেম্বর :

ত্রিপুরার গর্বের মেয়ে দীপা কর্মকার ও তার প্রশিক্ষক বিশ্বেশ্বর নন্দীকে আগামী ৮ সেপ্টেম্বর সংবর্ধনা জ্ঞাপন করবে রাজ্যের অগ্রগন্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠান ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা। সেদিন সকাল সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের কামালঘাটস্থিত ক্যাম্পাসে দীপা ও তার প্রশিক্ষককে আনুষ্ঠানিকভাবে সংবর্ধনা দেবেন দেশের আধুনিক আইনশিক্ষা ব্যবস্থার জনক তথা পদ্মশ্রী পুরস্কারপ্রাপ্ত ব্যক্তিত্ব অধ্যাপক নীলাকান্ত রামকৃষ্ণ মাধব মেনন।

ব্যাঙালোরস্থিত ন্যাশনাল ল' স্কুল অব ইন্ডিয়া ইউনিভার্সিটি, কোচিস্থিত এম কে নাথিয়্যার একাডেমী ফর কন্টিনিউইং লিগ্যাল এডুকেশন এবং ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার যৌথ উদ্যোগ ও ব্যবস্থাপনায় এবছর আগরতলায় আয়োজিত হচ্ছে আইনশিক্ষা বিষয়ক তিনদিনের বিশেষ এক কর্মশালা। আগামীকাল সকাল ১১টায় এই কর্মশালা শুরু হবে।

‘টিচিং অব এডিআর স্কিলস্ অ্যান্ড প্র্যাকটিক্যাল ট্রেনিং’ শীর্ষক পূর্বোত্তরীয় এই কর্মশালায় দেশের অগ্রগন্য বেশ কয়েকজন আইনশিক্ষা বিশারদ উপস্থিত থাকবেন। এদের মধ্যে রয়েছেন পদ্মশ্রী পুরস্কার বিজয়ী অধ্যাপক এন আর মাধব মেনন, অধ্যাপক আর ভেক্ট রাও, অধ্যাপক শ্রীকৃষ্ণ দেবা রাও, অধ্যাপক এম আর কে প্রসাদ, অধ্যাপক ভি এস জিজিমন, অধ্যাপক অনির্বান চক্রবর্তী এবং অধ্যাপক ভি নাগরাজ।

এধরনের কর্মশালা ত্রিপুরায় প্রথমবারের মত আয়োজিত হচ্ছে। ত্রিপুরা এবং পূর্বোত্তর ভারতের অন্যান্য রাজ্য থেকে প্রায় ৪০ জন আইন শিক্ষক/শিক্ষিকা তিনদিনের এই কর্মশালায় অংশগ্রহন করবেন। কর্মশালা উদ্বোধনের জন্য রাজ্যের মুখ্যসচিব যশপাল সিং কে আমন্ত্রন জানানো হয়েছে। এছাড়াও রাজ্যের আইন জগতের অগ্রণী ব্যক্তিবর্গ কর্মশালায় অতিথি হিসাবে উপস্থিত থাকবেন। কর্মশালার অন্তিম দিনে রাজ্যের আইন সচিব উপস্থিত থাকবেন।

রাজ্যের গর্ব দীপা কর্মকার তার সর্বাঙ্গিক প্রচেষ্টায় রিও ওলিম্পিকে জিমনাষ্টিক্স ইভেন্টে চতুর্থ স্থান দখল করেছে। ভারতীয় জিমনাষ্টিক্সের বিগত পঞ্চাশ বছরের ইতিহাসে এই নজির কারোর নেই। দীপার এই সাফল্যে কোচ বিশ্বেশ্বর নন্দীর ভূমিকাও আপরিসীম। ছাত্রীর জেদ, অধ্যাবসায় ও লক্ষ্যকে নিয়ে গেছেন সাফল্যের খুব কাছাকাছি। একটুর জন্য পদক হাতছাড়া হলেও দীপা কর্মকার এবং বিশ্বেশ্বর নন্দী সমগ্র ভারতবাসীকে গর্বিত করেছেন। স্বীকৃতিস্বরূপ দীপাকে রাজীব গান্ধী খেলরত্ন পুরস্কারে ভূষিত করেছে ভারত সরকার। বিশ্বেশ্বর নন্দীকে দেওয়া হয়েছে দ্রোণাচার্য পুরস্কার।

প্রসঙ্গত, গ্লাসগো কমনওয়েলথ গেমসে পদক জেতার পর ২০১৪ সালের ১৪ নভেম্বর দীপা কর্মকারকে আনুষ্ঠানিকভাবে সংবর্ধনা জানিয়েছিল ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা। সমস্ত ব্যস্ততার মাঝেও সংবর্ধনা জ্ঞাপনের জন্য সময় দেওয়ায় ইকফাই বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া এবং শিক্ষক-শিক্ষিকাদের তরফে সহ-উপাচার্য অধ্যাপক বিপ্লব হালদার দীপা কর্মকার ও তার প্রশিক্ষক বিশ্বেশ্বর নন্দীকে ধন্যবাদ জানিয়েছেন।
